

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৭৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصلُ التَّالِثُ

### আরবী

وَعَن أَبِي أُمامةَ قَالَ: لَبِسَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ ثَوْبًا جَدِيدًا فَقَالَ: الْحَمْدُ لِلَّهِ الَّذِي كَسَانِي مَا أُوارِي بِهِ عَوْرَتِي وَأَتَجَمَّلُ بِهِ فِي حَيَاتِي ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَنْ لَبِسَ ثَوْبًا جَدِيدًا فَقَالَ: الْحَمْدُ لِلَّهِ الَّذِي كَسَانِي مَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَنْ لَبِسَ ثَوْبًا جَدِيدًا فَقَالَ: الْحَمْدُ لِلَّهِ الَّذِي كَسَانِي مَا أُوارِي بِهِ عَوْرَتِي وَأَتَجَمَّلُ بِهِ فِي حَيَاتِي ثُمَّ عَمَدَ إِلَى الثَّوْبِ الَّذِي أَخْلَقَ فَتَصَدَّقَ بِهِ كَانَ فَوَارِي بِهِ عَوْرَتِي وَأَتَجَمَّلُ بِهِ فِي حَيَاتِي ثُمَّ عَمَدَ إِلَى الثَّوْبِ الَّذِي أَخْلَقَ فَتَصَدَّقَ بِهِ كَانَ فِي كَنفِ اللَّهِ وَفِي حِفْظِ اللَّهِ وَفِي سِتْرِ اللَّهِ حَيَّا وَمَيَّتًا . رَوَاهُ أَحْمَدُ وَالتِرْمِذِيُّ وَابْنُ مَا جَهُ وَقَالَ التِّرْمِذِيُّ وَابْنُ

#### বাংলা

৪৩৭৪-[৭১] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন 'উমার ইবনুল খত্বাব(রাঃ) নতুন কাপড় পরিধান করলেন এবং এ দু'আটি পড়লেন- وَعَاتِيْ حَيَاتِيْ وَأَتَجَمَّلُ بِهِ فِيْ حَيَاتِيْ وَأَتَجَمَّلُ بِهِ فِيْ حَيَاتِيْ اللَّذِي كَسَانِيْ مَا أُوارِيْ بِهِ عَوْرَتِيْ وَأَتَجَمَّلُ بِهِ فِيْ حَيَاتِيْ అর্থাৎ- ''সমন্ত প্রশংসা ঐ আল্লাহর জন্য যিনি আমাকে পোশাকটি পরিধান করিয়েছেন, যার দ্বারা আমি সতর আবৃত করতে পারি এবং যা দ্বারা আমি সৌন্দর্য গ্রহণ করতে পারি।'' অতঃপর তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে ব্যক্তি নতুন কাপড় পরিধান করে উক্ত দু'আটি পাঠ করে এবং ব্যবহৃত পুরাতন কাপড়খানা সাদাকা করে দেয়, সে জীবনে এবং মরণে (উভয় অবস্থায়) আল্লাহর আশ্রয়ে, আল্লাহর হিফাযাতে এবং আল্লাহর আচ্ছাদনে অবস্থান করবে। (আহমাদ, তিরমিয়ী ও ইবনু মাজাহ; আর ইমাম তিরমিয়ী বলেছেনঃ উক্ত হাদীসটি গরীব।)[1]

# ফুটনোট

[1] য'ঈফ: তাহক্বীক মুসনাদে আহমাদ ৩০৫, তিরমিয়ী ৩৫৬০, ইবনু মাজাহ ৩৫৫৭, য'ঈফ সুনান ইবনু মাজাহ ৭৮২, য'ঈফ আল জামি'উস্ সগীর ৫৮২৭, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১২৪৯, মুসান্নাফ ইবনু আবী শারবাহ্ ২৫০৮৯।



হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এ সনদে আছে "আবুল 'আলা" নামের একজন বর্ণনাকারী। যিনি শাম (সিরিয়া) দেশের অধিবাসী। তিনি একজন অপরিচিত (মাজহূল) রাবী। দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১০/১৭৮ পৃঃ, হাঃ ৪৬৪৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে পোশাক পরিধানের দু'আ সম্পর্কে আলোচনা এসেছে। পোশাক পরিধানের ক্ষেত্রে বর্ণিত গ্রহণযোগ্য দু'টি দু'আ উপরে উল্লেখ করা হয়েছে। তাই এখানে পুনরুল্লেখ করা হলো না। তাছাড়া এ হাদীসটি য'ঈফ হওয়ায় এটি 'আমলযোগ্য নয়। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন